কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বা/এ, ঢাকা।
(সমন্বয় বিভাগ)
www.badc.gov.bd

**বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর মাঠ পর্যায়ের যুগ্মপরিচালক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রকদের সমন্বয়ে জুলাই-সেপ্টেম্বর ২০২১ মাসের ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : ড. অমিতাভ সরকার, চেয়ারম্যান (গ্রেড-১), বিএডিসি।
তারিখ ও সময় : ৩০ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ; সকাল ০৯.৩০ ঘটিকা।
স্থান : Zoom Cloud Meeting প্লাটফর্মে অনলাইন মিটিং।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে Zoom Cloud Meeting প্লাটফর্মে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (সমন্বয়) বিগত ২৭ জুন ২০২১ তারিখে অনুষ্ঠিত এপ্রিল-জুন'২১ মাসের ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করার জন্য উপস্থাপন করেন। উপস্থাপিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর উপপরিচালক (সমন্বয়) বিগত ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত জুলাই-সেপ্টেম্বর ২০২১ মাসের ত্রৈমাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে উপস্থাপন করেন

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|
| ০১. | বিএডিসি'র মাঠ পর্যায়ে জনবল সংকট সংক্রান্ত। | নিয়োগ ও কল্যাণ বিভাগ হতে সভায় জানানো হয়, সংস্থার শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে। সভাপতি নিয়মিতভাবে পদোন্নতি প্রক্রিয়া চলমান রাখার বিষয়ে এবং শূন্যপদের বিপরীতে ছাড়পত্র প্রাপ্তির বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের সাথে নিবিড় যোগাযোগের জন্য নির্দেশনা প্রদান করেন। | ক. শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>খ. বিএডিসি'র মাঠ পর্যায়ে জনবল সংকট নিরসনে যথাযথ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>গ. শূন্যপদের বিপরীতে ছাড়পত্র প্রাপ্তির বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>ঘ. নিয়মিতভাবে পদোন্নতি প্রক্রিয়া চলমান রাখতে হবে। | ক. নিয়োগ ও কল্যাণ বিভাগ।<br>খ. সংস্থাপন বিভাগ।<br>গ. আইন বিভাগ। |
| ০২. | বিএডিসি'র মাঠ পর্যায়ে প্রাধিকারভুক্ত কর্মকর্তাদের গাড়ি বরাদ্দ সংক্রান্ত। | সাধারণ পরিচর্যা বিভাগ হতে জানানো হয়েছে, মাঠ পর্যায়ে সকল প্রাধিকারভুক্ত কর্মকর্তাদের গাড়ি সরবরাহ কার্যক্রম চলমান রয়েছে। বিএডিসি'র মাঠ পর্যায়ে প্রাধিকারভুক্ত কর্মকর্তাদের গাড়ি বরাদ্দের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ক. বিএডিসি'র মাঠ পর্যায়ে সকল প্রাধিকারভুক্ত কর্মকর্তাদের গাড়ি সরবরাহ করতে হবে।<br>খ. সরকারি নিষেধাজ্ঞা প্রত্যাহার করা হলে রাজস্ব বাজেটের আওতাধীন গাড়ি ক্রয়ের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | ক. সাধারণ পরিচর্যা বিভাগ।<br>খ. অর্থ বিভাগ। |
| ০৩. | সংস্থার নিজস্ব আয় বৃদ্ধিকরণ সংক্রান্ত। | সভায় সংস্থার নিজস্ব আয় বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি পরবর্তী অর্থ বছর থেকে কোন অফিস কতটুকু আয় করবে তা পূর্বেই নির্ধারণের নির্দেশনা প্রদান করেন। | ক. পরবর্তী অর্থ বছর থেকে সকল অফিসে আয়ের সুনির্দিষ্ট লক্ষমাত্রা থাকতে হবে এবং তা পূর্বেই নির্ধারণ করে দিতে হবে।<br>খ. সংস্থার সকল খাতের আয় ও ব্যয়ের হিসাব পরবর্তী ত্রৈমাসিক সমন্বয় সভায় | ক. সংশ্লিষ্ট সকল বিভাগ/ দপ্তর।<br>খ. অর্থ বিভাগ। |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|
| | | | উপস্থাপন করতে হবে এবং নিজস্ব আয়ের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>গ. সংস্থার সকল খাতের আয় ও ব্যয়ের হিসাব পরবর্তী জানুয়ারি ও জুলাই সমন্বয় সভার পূর্বে চেয়ারম্যান মহোদয়ের বরাবর উপস্থাপন করতে হবে। স্ব স্ব অফিসের দায়িত্বরত অফিসার আয়-ব্যয়ের বিষয়ে জবাবদিহি করবেন। | গ. সংশ্লিষ্ট সকল বিভাগ/ দপ্তর। |
| ০৪. | বিএডিসে'র মাঠ পর্যায়ের কর্মকর্তা/ কর্মচারীদের ভ্রমণ ভাতা বৃদ্ধি সংক্রান্ত। | সভায় ভ্রমণ ব্যয় খাতে মাঠ পর্যায়ের চাহিদার আলোকে সন্তোষজনক ভাবে বাজেট বরাদ্দ প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি ভ্রমণ বিল ভ্রমণ করার ০৭ কর্মদিবসের মধ্যে দাখিল করার নির্দেশনা প্রদান করেন। | ক. বিএডিসি'র কার্যক্রম সুষ্ঠুভাবে মনিটরিং এর নিমিত্ত মাঠ পর্যায়ের কর্মকর্তা/ কর্মচারীদের জন্য ভ্রমণ ব্যয় খাতে চাহিদা মাফিক বাজেট বরাদ্দ করতে হবে।<br>খ. বিএডিসি'র কার্যক্রম সুষ্ঠুভাবে মনিটরিং এর নিমিত্ত ভ্রমণ সুনির্দিষ্টকরন, লক্ষ্যভিত্তিক এবং ভ্রমণ সময়কাল কমাতে হবে।<br>গ. ভ্রমণ বিল ভ্রমণ পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে দাখিল করতে হবে। | অর্থ বিভাগ। |
| ০৫. | বিএডিসি'র পাথিলা খামারে সীমানা নির্ধারণ এবং খামারের জলাভূমি সংলগ্ন খাস জমিসমূহ অধিগ্রহণ সংক্রান্ত। | বিএডিসি'র পাথিলা খামারে সীমানা নির্ধারণ এবং খামারের জলাভূমি সংলগ্ন খাস জমিসমূহ অধিগ্রহণ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ক. বিএডিসি'র পাথিলা খামারের জলাভূমি এলাকায় (পদ্মা গঙ্গা বিল) সীমানা নির্ধারণ ও খামারের জলাভূমি সংলগ্ন খাসজমিসমূহ নতুন প্রকল্পে অর্ন্তভুক্তকরণ এবং ভূ-উপরিস্থ পানি ব্যবহার নীতিমালা অনুযায়ী অধিগ্রহণ | ক. খামার বিভাগ ও যুগ্মপরিচালক (খামার), দত্তনগর, বিএডিসি। |
| ০৬. | উদ্ভাবনী উদ্যোগের ধারণা প্রদান সংক্রান্ত। | নাগরিক সেবা প্রদান সহজীকরণ করার নিমিত্ত উদ্ভাবনী উদ্যোগের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ক. নাগরিকদের সেবা প্রদান সহজতর করার নিমিত্ত উদ্ভাবনী উদ্যোগের উপরে ধারণা প্রদান করতে হবে। সর্বশ্রেষ্ট আইডিয়া প্রদানকারীকে পুরস্কৃত করা হবে। | ক. সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ |
| ০৭. | নাগরিক সেবায় মেন্ডেটরি কমপ্লায়েন্স অফ সার্ভিস সংক্রান্ত। | নাগরিক সেবায় মেন্ডেটরি কমপ্লায়েন্স অফ সার্ভিস বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বিএডিসি সংশ্লিষ্ট সেবা প্রদানের জন্য সকল কর্মকর্তা/কর্মচারীকে নির্দেশনা প্রদান করেন। | ক. মাঠ পর্যায়ে সকল অফিস সমূহে সর্বশেষ সিটিজেন চার্টারের ছক পূরণপূর্বক আগামী সমন্বয় সভার পূর্বে আব্যশিকভাবে তা নিজ নিজ অফিসে প্রদর্শন করতে হবে।<br>খ. সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বিএডিসি'র সংশ্লিষ্ট সেবা গ্রহীতাদের সেবা প্রদান করতে হবে।<br>গ. সিটিজেন চার্টার অনুযায়ী সেবা দেওয়া হচ্ছে কি না তা মনিটরিং বিভাগের পরিদর্শন ছকে অন্তভূর্ক্ত করতে হবে। | ক. সকল অফিস প্রধান<br>খ. সকল অফিস প্রধান<br>গ. মনিটরিং বিভাগ। |
| ০৮. | মাঠ পর্যায়ের অঞ্চলভিত্তিক সমন্বয় সভা সংক্রান্ত। | মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট অঞ্চলের উর্ধ্বতন কর্মকর্তার সভাপতিত্বে তিন মাস অন্তর অন্তর সমন্বয় সভার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট অঞ্চলের উর্ধ্বতন কর্মকর্তার সভাপতিত্বে তিন মাস অন্তর অন্তর নিয়মিতভাবে সমন্বয় সভা করতে হবে এবং সভার কার্যবিবরণী আব্যশিকভাবে নির্দিষ্ট সময়ের মধ্যে সমন্বয় বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | যুগ্মপরিচালক/ তত্বাবধায়ক প্রকৌশলী (সকল), আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক (সকল) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|
| ০৯. | বিএডিসি'র গবেষণা কার্যক্রম সংক্রান্ত। | সভায় বিষয়ে বিএডিসি'র গবেষণা কার্যক্রম সংক্রান্ত বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি বিএডিসি'র গবেষণা কার্যক্রমকে ফলপ্রসু/ অধিকতর জোরদার করার নির্দেশনা প্রদান করেন। | বিএডিসি'র গবেষণা কার্যক্রম এর অগ্রগতি মাঠ পর্যায়ের সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। বিএডিসি'র গবেষণা কার্যক্রমকে ফলপ্রসু/ অধিকতর জোরদার করতে হবে। | প্রধান সমন্বয়ক, গবেষণা সেল, বিএডিসি। |
| ১০. | বিএডিসি'র বিভিন্ন উইং এর গাড়ি চালকদের ওভার টাইম সমতা বিধান সংক্রান্ত। | সভায় বিষয়ে বিএডিসি'র বিভিন্ন উইং এর গাড়ি চালকদের ওভার টাইম সমতা বিধান সংক্রান্ত বিস্তারিত আলোচনা করা হয়। | বিএডিসি'র বিভিন্ন উইং এর গাড়ি চালকদের ওভার টাইম সংক্রান্ত বৈষম্য দূরীকরণের জন্য সদস্য পরিচালক (অর্থ) মহোদয় ব্যবস্থা গ্রহণ করবেন। | অর্থ বিভাগ। |
| ১১. | বিএডিসি কর্তৃক মাইক্রো-নিউট্রিয়েন্ট সমৃদ্ধ সার সরবরাহ সংক্রান্ত। | সভায় বিএডিসি কর্তৃক মাইক্রো-নিউট্রিয়েন্ট সমৃদ্ধ সার সরবরাহ সংক্রান্ত বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি মহোদয় মন্ত্রণালয়ের সাথে সংশ্লিষ্ট বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন। | - | নিষ্পন্ন |
| ১২. | সার ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বিভিন্ন গুদামে ছেঁড়া/ফাটা ও অকেজো সারের বস্তা নিষ্পত্তি সংক্রান্ত। | সভায় সার ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বিভিন্ন গুদামে ছেঁড়া/ফাটা ও অকেজো সারের বস্তা নিষ্পত্তি সংক্রান্ত বিস্তারিত আলোচনা করা হয়। | ক. সার ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বিভিন্ন গুদামে ছেঁড়া/ফাটা ও অকেজো সারের বস্তা দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>খ. বিধি বিধানের আলোকে বিভিন্ন গুদামে ছেঁড়া/ফাটা ও অকেজো সারের বস্তা দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>গ. কোন কোন দপ্তর ছেঁড়া/ফাটা ও অকেজো সারের বস্তা অপসরণ করে নাই তাদের তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে। | সার ব্যবস্থাপনা বিভাগ। |
| ১৩. | বিসিআইসি'র সকল সার ডিলারদের বিএডিসি'র সার ডিলার হিসাবে নিবন্ধনকরণ সংক্রান্ত। | বিসিআইসি'র সকল সার ডিলারদের বিএডিসি'র সার ডিলার হিসাবে নিবন্ধনকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরসমূহকে নির্দেশনা প্রদান করেন। | ক. বিএডিসি'র সকল বীজ ডিলারদের সার বরাদ্দ দেয়ার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য জেলা বীজ ও সার মনিটরিং এর সভাপতি বরাবর পত্র প্রেরণ করতে হবে।<br>খ. বিএডিসি'র সকল সার ডিলার ও বিসিআইসি'র সকল সার ডিলারদের মধ্যে সমহারে সার বন্টন করার বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বরাবর পুন:রায় পত্র প্রেরণ করতে হবে। | সার ব্যবস্থাপনা বিভাগ। |
| ১৪. | বিএডিসি'র অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত। | সভায় অডিট আপত্তি ও নিষ্পত্তি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ক. অডিট আপত্তির বিষয়ে মাঠ পর্যায়ের সকল দপ্তর প্রধানকে সজাগ থাকতে হবে।<br>খ. বিএডিসি'র অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির নিমিত্ত মাঠ পর্যায় হতে নিয়মিত কার্যপত্র প্রেরণ করতে হবে। | ক. অডিট বিভাগ।<br>খ. সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান। |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|
| ১৫. | বিএডিসি'র চুক্তিবদ্ধ চাষীদের বীজের মূল্য যথাসময়ে পরিশোধ সংক্রান্ত। | সভায় বিএডিসি'র চুক্তিবদ্ধ চাষীদের বীজের মূল্য যথাসময়ে পরিশোধ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিএডিসি'র চুক্তিবদ্ধ চাষীদের বীজের মূল্য যথাসময়ে (ফসল প্রাপ্তির সাথে সাথেই) পরিশোধ করার নিমিত্ত যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। | কন্টাক্ট গ্রোয়ার্স বিভাগ |
| ১৬. | বিএডিসি'র প্রস্তাবিত Reorganogram ও প্রবিধানমালা অনুমোদন এবং কর্মকর্তা/কর্মচারির পেনশন প্রক্রিয়া চালুকরণ সংক্রান্ত। | সভায় বিএডিসি'র প্রস্তাবিত Reorganogram ও প্রবিধানমালা অনুমোদন এবং কর্মকর্তা/কর্মচারির পেনশন প্রক্রিয়া চালুকরণ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ক. বিএডিসি'র প্রস্তাবিত Reorganogram ও প্রবিধানমালা অনুমোদন এবং কর্মকর্তা/কর্মচারির পেনশন প্রক্রিয়া চালুকরণ বিষয়ে অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।<br>খ. কর্মকর্তা/কর্মচারির পেনশন প্রক্রিয়া চালুকরণের বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ। |
| ১৭. | বিএডিসি'র আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক এর সকল অফিস ভবন মেরামত সংক্রান্ত। | সভায় বিএডিসি'র আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক এর সকল অফিস ভবন মেরামত সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ক. সকল আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক এর কার্যালয় প্রয়োজনীয় মেরামত/ সংস্কার ও উপযুক্ত স্থানে স্থানান্তর করতে হবে।<br>খ. সকল আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক এর কার্যালয় প্রয়োজনীয় মেরামত/ সংস্কার সংক্রান্ত তথ্য ছক আকারে প্রতিবেদন দাখিল করতে হবে। | নির্মাণ বিভাগ। |

০২. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৪/১০/২০২১

(ড. অমিতাভ সরকার)
চেয়ারম্যান (গ্রেড-১), বিএডিসি
ও
সভাপতি
মাঠ পর্যায়ের ত্রৈমাসিক সমন্বয় সভা।